



## বাংলাদেশ দূতাবাস


এথেন্স, গ্রিস

### প্রেস বিজ্ঞপ্তি

#### বাংলাদেশি শ্রমিকদের জন্য উন্মুক্ত হতে যাচ্ছে গ্রিসের শ্রমবাজার

এথেন্স, ৩০ নভেম্বর ২০২১: গতকাল দুপুরে এথেন্সে বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ, এমপি এবং গ্রিসের অভিবাসন ও অ্যাসাইলাম বিষয়ক মন্ত্রী নোটিস মিতারাকির মধ্যে এক আনুষ্ঠানিক বৈঠকের পর নিরাপদ অভিবাসন বিষয়ে সহযোগিতা ও বাংলাদেশ থেকে শ্রমিক আনয়নের বিষয়ে বাংলাদেশ ও গ্রিসের মধ্যে আগ্রহপূর্ণ স্বাক্ষরিত হয়। বৈঠকে তারা অবৈধ অভিবাসন রোধ এবং বৈধভাবে প্রবেশের মাধ্যমে বাংলাদেশি শ্রমিকদের জন্য শ্রমবাজার উন্মুক্ত করার বিষয়ে আলোচনাকালে, বৈধ পন্থায় শ্রমিকদের প্রবেশাধিকার দিলে অবৈধ মানবপাচার অনেকাংশে বন্ধ হয়ে যাবে বলে মত প্রকাশ করেন। এ সময় তারা বাংলাদেশ থেকে চাহিদা অনুযায়ী গ্রিসের বিভিন্ন শ্রমস্থল খাতসমূহে শ্রমিক ও বিভিন্ন পেশাজীবীদের আগমনের জন্য বিভিন্ন প্রাসঙ্গিক দিক নিয়ে আলোচনা করেন এবং আশা প্রকাশ করেন যে বাংলাদেশ ও গ্রিসের মধ্যকার প্রস্তাবিত “গ্রিসে বাংলাদেশি শ্রমিকদের কর্মসংস্থান বিষয়ক সমরোতা স্মারক”-টি স্বাক্ষরিত হলে বাংলাদেশ হতে আগ্রহী শ্রমিকরা সহজে, নিরাপদে ও স্বল্প খরচে গ্রিসে এসে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবেন। এতে করে বাংলাদেশ এবং গ্রীস উভয়ই অর্থনৈতিকভাবে লাভবান হবে। এ সময় গ্রিক মন্ত্রী মিতারাকি আগামী জানুয়ারির মধ্যে প্রস্তাবিত সমরোতা স্মারকের খসড়া চূড়ান্ত হবে এবং আগামী ফেব্রুয়ারিতে তাঁর ঢাকা সফরকালে প্রস্তাবিত সমরোতা স্মারকটি স্বাক্ষরিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। বৈঠকে, রাষ্ট্রদূত আসুদ আহমেদ, প্রবাসী কল্যাণ সচিব ড. আহমেদ মুনিরুজ্জ সালেহীন, দূতাবাসের কর্মকর্তাবৃন্দ ও গ্রিক সরকারের অভিবাসন মন্ত্রণালয়ের উচ্চ পদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গ্রিসের কৃষি, পর্যটন এবং তৈরি পোশাক শিল্প খাত সহ বিভিন্ন ক্ষেত্রে বিদেশি শ্রমিক এর ব্যাপক চাহিদা রয়েছে যা পূরণের জন্য গ্রিক সরকার এবছরের সেপ্টেম্বরে মাসে বিদেশি শ্রমিক নিয়োগ সংক্রান্ত আইনটি সংশোধন করে প্রবাসী শ্রমিকদের ৫ বছর মেয়াদী ভিসা প্রদানের সিদ্ধান্ত নেয়। এর ফলে দেশটিতে বিদেশি শ্রমিকদের বৈধভাবে এসে কর্মসংস্থানের ব্যাপক সুযোগ সৃষ্টি হয়েছে।

এইদিন বিকেলে প্রবাসী কল্যাণ মন্ত্রী গ্রিসের সিটিজেন প্রটেকশন (স্বরাষ্ট্র) মন্ত্রী প্যানাজিওটিস থিওডেরিকাকোস-এর সাথে তাঁর দণ্ডের সাক্ষাৎ করেন। এ সময় দুই মন্ত্রী প্রবাসী বাংলাদেশীদের নিরাপত্তা, সঠিক সময়ে টিকাদান এবং বৈধকরণের বিষয় সহ দুদেশের স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এছাড়া, বিকেলে তিনি দূতাবাসের উদ্যোগে প্রবাসী বাংলাদেশিদের জন্য রন্ধন শিল্পের উপর মৌলিক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানেও প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণকারীদের হাতে সনদ তুলে দেন।



উল্লেখ্য যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিব বর্ষে “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেন্টেনিয়াল স্কুল” নামে একটি বাংলাদেশি স্কুল প্রতিষ্ঠা কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী ইমরান আহমদ, এমপি একটি উচ্চ পর্যায়ের আন্তঃমন্ত্রণালয় প্রতিনিধি দল নিয়ে সরকারি সফরে বর্তমানে গ্রিসে অবস্থান করছেন। গ্রিসে নতুন প্রজন্মের প্রবাসীদের মধ্যে মাতৃভাষার চর্চা এবং মাতৃভাষায় শিক্ষালাভ, বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির চর্চাসহ বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনাকে ছড়িয়ে দিতে এই স্কুলটি বিশাল ভূমিকা রাখবে বলে প্রবাসীদের মধ্যে ব্যাপক আশার সঞ্চার হয়েছে।

